# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৯৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ যেই কারণে মানুষ আল্লাহর সাক্ষাতকে ভালবাসে এবং অপছন্দ করে সেই সম্পর্কে বর্ণনা

## ذِكْرُ الْإِخْبَارِ عَنِ السَّبَبِ الَّذِي مِنْ أَجْلِهِ يُحِبُّ الْمَرْءُ وَيَكْرَهُ لِقَاءَ اللَّهِ

আরবী

2998 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا الْحَارِثُ بْنُ سُرَيْجٍ النَّقَّالُ قَالَ: حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: حَدَّثَنِي أَبِي عَنْ قَتَادَةَ عَنِ أَنَسِ بْنِ مَالِكٍ عَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَنْ أَحَبَّ لِقَاءَ اللَّهِ أَحَبَّ اللَّهُ لِقَاءَهُ وَمَنْ كَرِهَ لِقَاءَ اللَّهِ كَرِهَ اللَّهُ لِقَاءَهُ) فَقَالَتْ عَائِشَةُ: إِنَّا نَكْرَهُ الْمَوْتَ فَذَاكَ كَرَاهِيَتُنَا لِقَاءَ اللَّهِ؟ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا وَلَكِنَّ الْمُؤْمِنَ إِذَا حُضِرَ فَبُشِّرَ بِمَا أَمَامَهُ أَحَبَّ لِقَاءَ اللَّهِ وَأَحَبَّ اللَّهُ لِقَاءَهُ وَإِنَّ الْكَافِرَ إِذَا حُضِرَ فَبُشِّرَ بِمَا أَمَامَهُ كَرِهَ لِقَاءَ اللَّهِ وكره الله لقاءه)

الراوي : عُبَادَةَ بْنِ الصَّامِتِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2998 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৯৯৮. উবাদা বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি আল্লাহর সাক্ষাতকে ভালবাসে, মহান আল্লাহও তার সাক্ষাতকে ভালবাসেন। আর যে ব্যক্তি আল্লাহর সাক্ষাতকে ভালবাসে না, মহান আল্লাহও তার সাক্ষাতকে ভালবাসেন না।”

তখন আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, “আমরা তো মৃত্যুকে অপছন্দ করি, এতে কি আমাদের আল্লাহর সাক্ষাতকে অপছন্দ করা হয়?” তখন সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “না। বরং মুমিন ব্যক্তি যখন মুমূর্ষু অবস্থায় থাকে, তখন তার সামনে যা রয়েছে, তার সুসংবাদ দেওয়া হয়, তখন সে আল্লাহর সাক্ষাতকে ভালবাসে আর আল্লাহও তার সাক্ষাতকে ভালবাসে। আর কাফির ব্যক্তি যখন মুমূর্ষু অবস্থায় থাকে, তখন তার সামনে যা রয়েছে, তার সুসংবাদ দেওয়া হয়, তখন সে আল্লাহর সাক্ষাতকে অপছন্দ করে আর আল্লাহও তার সাক্ষাতকে

অপছন্দ করে।”[1]

## ফুটনোট

[1] তিরমিযী: ১০৬৬; নাসাঈ: ৪/১০; মুসনাদ আহমাদ: ৫/৩২১; দারেমী: ২/৭০৮; সহীহুল বুখারী: ৬৫০২; বাগাবী: ১৪৪৯; আত তায়ালিসী: ৫৭৪; সহীহ মুসলিম: ২৬৮৩; বাযযার: ৭৮০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ২৯৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উবাদা ইব্‌নুস সামিত (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92328

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন